# Times Today BD

নূর আলম | ময়মনসিংহ | 30 April, 2025

নেত্রকোণার দুর্গাপুর উপজেলায় এক বুদ্ধিপ্রতিবন্ধী গৃহবধূকে (২২) ধর্ষণের অভিযোগে মামলা দায়ের হয়েছে।ঘটনায় অভিযুক্ত আবুল কাশেম (৪০) নামের এক ব্যক্তিকে পুলিশ গ্রেফতার করেছে।তিনি উপজেলার উত্তর বায়রাউড়া এলাকার (বালজ নদীরপাড়) মৃত আব্দুল মজিদের ছেলে।বুধবার (৩০ এপ্রিল) দুপুরে দুর্গাপুর থানায় মামলাটি দায়ের করেন ভুক্তভোগীর শ্বাশুড়ি। ঘটনার পরপরই পুলিশ অভিযান চালিয়ে অভিযুক্তকে আটক করে।

দুর্গাপুর থানার ভারপ্রাপ্ত কর্মকর্তা (ওসি) মাহমুদুল হাসান বলেন,ভুক্তভোগী নারীকে ডাক্তারি পরীক্ষার জন্য নেত্রকোণা আধুনিক সদর হাসপাতালে পাঠানো হয়েছে।একইসাথে তার জবানবন্দি রেকর্ড করা হয়েছে এবং আটককৃত আসামিকে আদালতে পাঠানো হয়েছে।”

মামলার এজাহারে বলা হয়, গৃহবধূ একজন বুদ্ধিপ্রতিবন্ধী এবং তার স্বামীও প্রতিবন্ধী।তিনি বড়বাট্টা বাজারে চায়ের দোকানে কাজ করেন।২৯ এপ্রিল রাতে আনুমানিক ১২টা ৩০ মিনিটে শ্বাশুড়ি তেল আনতে বাড়ির বাইরে যান এবং রাত ১টার দিকে ফিরে আসেন।বাড়ি ফিরে পুত্রবধূকে না পেয়ে খোঁজাখুঁজি শুরু করেন।একপর্যায়ে টয়লেট সংলগ্ন ফাঁকা জায়গায় টর্চলাইট ফেলতেই একজন নগ্ন ব্যক্তিকে পালিয়ে যেতে দেখেন।

পরে পুত্রবধূ জানায়, অভিযুক্ত আবুল কাশেম জোরপূর্বক ঘরে প্রবেশ করে মুখ চেপে ধরে এবং ভয় দেখিয়ে তাকে বাইরে এনে ধর্ষণ করে।

পুলিশ জানিয়েছে, এ ঘটনায় নারী ও শিশু নির্যাতন দমন আইনে মামলা দায়ের হয়েছে এবং

বিষয়টি গুরুত্বের সঙ্গে তদন্ত করে আইনানুগ ব্যবস্থা নেওয়া হবে।

বুদ্ধিপ্রতিবন্ধী গৃহবধূ পুলিশ

---

© 2025 TimesToday. All Rights Reserved.

Generated on 18 June, 2025 23:37

URL: https://timestodaybd.com/mymensingh/1670891028